

## বাংলাদেশ নির্বাচন কমিশন

## নির্বাচন কমিশন সচিবালয়

“নির্বাচন কমিশন সচিবালয়ের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ (SCDECS)” শীর্ষক প্রকল্প

আগারগাঁও, ঢাকা

নং-১৭.০০.০০০০.০১৪.১১.০০৫.১৯ -০৯

তারিখঃ ০৭ ফেব্রুয়ারি ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়ের অধীনে “নির্বাচন কমিশন সচিবালয়ের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ (SCDECS)” প্রকল্পের আওতায় প্রকল্পের জন্য নিম্নবর্ণিত শূণ্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে বর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

পদের নাম ও সাকুল্য বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
হিসাবরক্ষক সাকুল্যে-১৯,৭৮০ টাকা	০১	<ul style="list-style-type: none"> <li>সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.কম/এম.কম. ইন এ্যাকাউন্টিং বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</li> <li>সংশ্লিষ্ট ক্ষেত্রে (বিশেষত জিওবি'র আওতায় বাজেট, হিসাববিজ্ঞান এবং হিসাবরক্ষণ বিষয়ে অভিজ্ঞ) ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে;</li> <li>ইংরেজীতে লিখিত এবং মৌখিক ভাল জ্ঞান; এবং</li> <li>একাউন্টিং সফটওয়্যার আইসিটি বিষয়ে জ্ঞান থাকা আবশ্যিক।</li> </ul>

## শর্তাবলী :

- (১) আবেদনকারীর বয়স ০৭/০৩/২০১৯ তারিখে ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। প্রকল্পে একই প্রকৃতির কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনরূপ এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- (২) আবেদনপত্রে নাম ও কার্যালয়, প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, নিজ জেলা, জাতীয়তা, জন্ম তারিখ, ০৭/০৩/২০১৯ তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা অবশ্যই উল্লেখ করতে হবে।
- (৩) আবেদনপত্রের সাথে ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি এবং ১০০/- (একশত) টাকা মূল্যমানের অফেরতযোগ্য পোস্টাল অর্ডার/যে কোন তফসিল ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট [প্রকল্প পরিচালক, “নির্বাচন কমিশন সচিবালয়ের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ (SCDECS)”, নির্বাচন কমিশন সচিবালয় এর অনুকূলে] প্রার্থীর ডাক যোগাযোগের ঠিকানা ও ৩/- (তিন) টাকার অব্যবহৃত ডাকটিকেট সম্বলিত ৯”x ৪” সাইজের একটি খাম এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- (৪) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (সার্কেল চীফ/জেলা প্রশাসক) প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- (৫) যে পদের জন্য আবেদনপত্র করা হয়েছে স্পষ্ট অক্ষরে সে পদের নাম এবং নিজ জেলার নাম খামের উপর লিখতে হবে।
- (৬) চাকুরীতে নিয়োজিত প্রার্থীগণকে নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে (অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়)।
- (৭) অসম্পূর্ণ, ভুল তথ্যপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- (৮) সরকারী প্রচলিত বিধান অনুযায়ী নিয়োগের অন্যান্য শর্তাবলী ও আনুষ্ঠানিকতা পালন করা হবে।
- (৯) আবেদনকারীগণকে পরীক্ষায়/সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।
- (১০) আবেদনপত্র অবশ্যই উপ প্রকল্প পরিচালক (SCDECS-প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয় (৬ষ্ঠ তলা, কক্ষ-৫০১), আগারগাঁও, ঢাকা এর নিকট ডাকযোগে/সরাসরি নির্বাচন কমিশন সচিবালয়ের গেটে রক্ষিত আবেদনপত্রের বাজে আগামী ০৭/০৩/২০১৯ তারিখের মধ্যে শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে।
- (১১) নিজ জেলা ও শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে অসত্য/জাল সনদপত্র প্রদানকারীদের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (১২) আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্রাদি ফেরত দেয়া হবে না। এ নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ/ইন্টারভিউ কার্ড ইস্যু বা শূণ্য পদ পূরণ করতে বাধ্য থাকবে না। আবেদনপত্র বাছাইয়ের পর কেবল উপযুক্ত বিবেচিত প্রার্থীদেরকে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষা বা সকল পরীক্ষার জন্য ডাকা হবে।
- (১৩) কোন ধরণের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- (১৪) যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ সাইফুল হক চৌধুরী)

উপ প্রকল্প পরিচালক

SCDECS- প্রকল্প